গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.৩৩.০১৪.২৩-৫৬১ তারিখ ঃ ০৫.০৭.২০২৩ খ্রি.।

**বিষয় ঃ পরিদর্শন ও দর্শনের প্রমাপ বিবরণী প্রেরণ।**

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-১ শাখা, ঢাকা এর ২৪.০৯.২০১৭ খ্রি. তারিখের৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০১৬-১৭৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারীর পরিদর্শন ও দর্শনের প্রমাপ সংক্রান্ত জুন, ২০২৩ মাসের বিবরণী নিম্নোক্ত ছক মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**ছক**

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনকৃত | | দর্শনকৃত | | প্রমাপ | | পরিদর্শন মোট | দর্শন মোট | প্রমাপ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠান | প্রকল্প | প্রতিষ্ঠান | প্রকল্প | পরিদর্শন | দর্শন | | | অর্জিত হয়েছে | অর্জিত হয়নি |
| ০১ | **মোঃ সফিকুল ইসলাম** উপপরিচালক স্থানীয় সরকার ময়মনসিংহ | ০৭টি | ০৪টি | ০৭ | ০৬ | ১১ (উন্নয়ন প্রকল্পসহ) | ১৩ (উন্নয়ন প্রকল্পসহ) | ১১টি | ১৩টি | হ্যাঁ | -- |

উল্লিখিত দপ্তর ও উন্নয়ন প্রকল্প দর্শন ও পরিদর্শন ছাড়াও পৌরসভা ও ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্প সরজমিনে পরিদর্শন ও দর্শন অব্যাহত রয়েছে।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

05.07.2023
(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
ফোন- ০২৯৯৬৬-৬৪৩৫১
e-mail : ddlgmymen@gmail.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা)

স্থাসবিঃ মনিটরিং-৩ শাখা
ডায়রী নং-
তারিখ-

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ
নম্বর

**অনুলিপি ঃ** সদয় অবগতির জন্য।

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মনিটরিং- (১/২/৩)
(মূল্যায়ন- (১/২/৩)
নম্বর-
তারিখ-
যুগ্মসচিব

স্থানীয় সরকার বিভাগ
মহাপরিচালকের দপ্তর
১) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-১)
২) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-২)
৩) যুগ্মসচিব (মও মূ)
৪) পরিচালক-১
৫) পরিচালক-২
১) পরিকল্পনা-১/২/৩
২) মনিটরিং-১/২/৩
৩) মূল্যায়ণ-১/২/৩
৪) পরিদর্শন
ডাইরী নং
তারিখঃ
স্বাক্ষর

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং
তারিখ
স্বাক্ষর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)

## ময়মনসিংহ জেলাধীন মুক্তাগাছা উপজেলা পরিষদ অফিস পরিদর্শন প্রতিবেদন

| | | |
|---|---|---|
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | মোঃ সফিকুল ইসলাম<br>উপপরিচালক<br>স্থানীয় সরকার, ময়মনসিংহ |
| পরিদর্শনের তারিখ | ঃ | ১৯ জুন, ২০২৩ |
| পরিদর্শনের সময় | ঃ | সকাল ১০: ০০ ঘটিকা |

১৯.০৬.২০২৩ তারিখ ময়মনসিংহ জেলাধীন মুক্তাগাছা উপজেলা পরিষদ অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও কর্মকর্তাসহ অফিসের কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

এক নজরে মুক্তাগাছা উপজেলার বিভিন্ন তথ্যাদি ঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | উপজেলার নাম | ঃ | মুক্তাগাছা |
| ০২। | আয়তন | ঃ | ৩১৪.৭০ বর্গ কি.মি.। |
| ০৩। | সীমানা | ঃ | উত্তরে ময়মনসিংহ সদর, দক্ষিণে ফুলবাড়ীয়া উপজেলা, পূর্বে ময়মনসিংহ সদর এবং পশ্চিমে মধুপুর উপজেলা। |
| ০৪। | জনসংখ্যা | ঃ | (ক) পুরুষ ২,০৬,৬৪৭ জন, (খ) মহিলা ২,০৮,৮২৬ জন, (গ) মোট ৪,১৫,৪৭৩ জন। (২০১১ সনের আদমশুমারী অনুযায়ী) |
| ০৫। | ইউনিয়নের সংখ্যা | ঃ | ১০ টি। |
| ০৬। | পৌরসভার সংখ্যা | ঃ | ০১ টি। |
| ০৭। | মৌজার সংখ্যা | ঃ | ২৬১ টি। |
| ০৮। | গ্রামের সংখ্যা | ঃ | ২৮৩ টি। |
| ০৯। | মহল্লা | ঃ | ২১ টি। |
| ১০। | জেলা সদর হতে উপজেলার দূরত্ব | ঃ | সড়কপথে ১৬ কি.মি.। |

১১। শিক্ষা বিভাগ ঃ

(ক) কলেজ- ০৪টি
(খ) সরকারি কলেজ-০১ টি।
(গ) মহিলা কলেজ-০১টি।
(ঘ) মাদ্রাসা-২৬ টি।
(ঙ) উচ্চ বিদ্যালয়-৪৩ টি।
(চ) বালিকা উচ্চ বিদ্যালয়-০৪ টি।
(ছ) নিম্ন মাধ্যমিক বিদ্যালয়-০৬ টি।
(জ) প্রাথমিক বিদ্যালয়-১৬১ টি।

১২। কৃষি বিভাগঃ

(ক) কৃষি জমির পরিমাণ- ২৪৮৬৮ হেক্টর।
(খ) আবাদি জমির পরিমাণ-২৩৮৯২হেক্টর।
(গ) এক ফসলি জমি-১২৬৬ হেক্টর।
(ঘ) দুই ফসলি জমি-১৯০০৭ হেক্টর।
(ঙ) তিন ফসলি জমি-৩৫৮৪ হেক্টর।

(চলমান পাতা....../০২)

(চ) চার ফসলি জমি-৩৫ হেক্টর।
(ছ) সেচকৃত জমি-২২৯০০ হেক্টর।
(জ) মোট পরিবারের সংখ্যা-১০০৬৫০ টি।
(ঝ) কৃষি পরিবারের সংখ্যা-৬৯৯১০ টি।
(ঞ) অকৃষি পরিবারের সংখ্যা-৩০৭৪০ টি।

১৩। রাজস্ব বিভাগঃ

(ক) ভূমি অফিসের সংখ্যা-১১ টি।
(খ) সাব রেজিস্ট্রি অফিসের সংখ্যা-০১ টি ।
(গ) হাট বাজারের সংখ্যা- ২৩ টি ।

১৪। স্বাস্থ্য বিভাগঃ

(ক) সরকারি হাসপাতাল-০১ টি।
(খ) ডাক্তারের সংখ্যা মঞ্জুরীকৃত-২৭ জন, কর্মরত-২২ জন।
(গ) নার্সের সংখ্যা মঞ্জুরীকৃত-৩০ জন, কর্মরত-২৯ জন।
(ঘ) মিডওয়াইফ মঞ্জুরীকৃত-০৪ জন, কর্মরত-০৪ জন।
(ঙ) হাসপাতালের বেডের সংখ্যা-৫০ টি।
(চ) এক্সরে মেশিনের সংখ্যা-০৩ টি
(ছ) কমিউনিটি ক্লিনিক-৪২ টি
(জ) উপস্বাস্থ্য কেন্দ্র-০৪ টি।

১৫। পরিবার পরিকল্পনা দপ্তরঃ

(ক) সক্ষম দম্পতির সংখ্যা-৯১২২৪ জন
(খ) পরিবার পরিকল্পনা কর্মকর্তা-০১ জন।
(গ) পরিবার পরিকল্পনা মাঠকর্মী-৪৯ জন।
(ঘ) পরিবার কল্যাণ কেন্দ্র-০৬ টি

১৬। যোগাযোগ ব্যবস্থাঃ

(ক) পাকা রাস্তা-২৫৫.৭১ কি.মি.।
(খ) কাঁচা রাস্তা-৮৫৪.৩৪ কি.মি.।
(গ) বাস স্টেশনের সংখ্যা-০১টি।

১৭। ধর্মীয় প্রতিষ্ঠানঃ

(ক) মসজিদ-১৩৫০ টি।
(খ) মন্দির-২০ টি।
(গ) ঈদগাহ-৫৭ টি
(ঘ) কবরস্থান-২৭ টি

ক) <u>পরিদর্শন রেজিস্টার</u> ঃ

মুক্তাগাছা উপজেলা পরিষদের পরিদর্শন রেজিস্টার খোলা আছে এবং নির্দেশাবলী সম্পর্কে উল্লেখ রয়েছে।

খ) অফিসের জনবল (উপজেলা পরিষদ, মুক্তাগাছা) ঃ এ অফিসের জনবলের অবস্থা নিম্নরূপ ঃ

| নং | পদের সংখ্যা | মঞ্জুরীকৃত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্যপদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ | ০১ | - |
| ০২. | গাড়ি চালক | ০১ | ০১ | - |
| ০৩. | অফিস সহায়ক | ০২ | ০২ | - |
| ০৪. | মালী | ০১ | ০১ | দৈনিক ভিত্তিতে নিয়োজিত, রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা মোতাবেক |
| ০৫. | সুইপার (পরিচ্ছন্নতা কর্মী) | ০১ | ০১ | |

(চলমান পাতা ....../০৩)

গ) **হাজিরা খাতা ঃ**

হাজিরা খাতা পরীক্ষান্তে দেখা যায় যে, অদ্য ১৯.০৬.২০২৩ খ্রিঃ তারিখ উপস্থিত সকল কর্মচারীর উপস্থিতির স্বাক্ষর রয়েছে। কর্মচারীদের সঠিক সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করার লক্ষ্যে খাতাটি উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক পরীক্ষা করে প্রতিস্বাক্ষর করা হয়। এ ধারা অব্যাহত রাখার জন্য এবং ছুটির হিসাব সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

ঘ) **পত্র প্রাপ্তি রেজিস্টার ঃ**

উপজেলা পরিষদ কার্যালয়ের পত্র প্রাপ্তি রেজিস্টারটি দেখলাম। রেজিস্টারটিতে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়ন করা আছে। ০১.০১.২০২৩ হতে ১৯.০৬.২০২৩ তারিখ পর্যন্ত বিভিন্ন অফিস থেকে ১৩১৪ টি পত্র গ্রহণ করা হয়েছে। বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত পত্রসমূহ নথিতে উপস্থাপনের মাধ্যমে নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সহকারীকে পরামর্শ দেয়া হলো।

ঙ) **পত্র জারি রেজিস্টার ঃ**

উপজেলা পরিষদ কার্যালয়ের পত্র জারি রেজিস্টারটি দেখলাম। রেজিস্টারটিতে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়ন করা আছে। ০১.০১.২০২৩ হতে ১৯.০৬.২০২৩ তারিখ পর্যন্ত এ অফিস থেকে ৪৫৫টি পত্র জারি করা হয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।

চ) **নৈমিত্তিক ছুটি রেজিস্টার ঃ**

নির্ধারিত ফরমের রেজিস্টারে ছুটির হিসাব সংরক্ষণ করা হচ্ছে। পরীক্ষান্তে দেখা যায়, রেজিস্টারে ছুটির হিসাব হালনাগাদ লিপিবদ্ধ আছে।

ছ) **সার্ভিস পোস্টেজ স্ট্যাম্প রেজিস্টার ঃ**

সাদা কাগজে বাইন্ডিং সার্ভিস পোস্টেজ স্ট্যাম্প রেজিস্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে দেখা গেল। রেজিস্টারটিতে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়ন করা হয়েছে।

জ) **ক্যাশ বহি ঃ**

প্রত্যয়নসহ ক্যাশ বহি সংরক্ষণ করা হচ্ছে। ক্যাশ বহির হিসাব নিম্নে দেখানো হলো ঃ

| নং | খাতওয়ারি হিসাবের বিবরণ | ব্যাংকের নাম ও হিসাব নম্বর | ক্যাশ বহি স্থিতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | সোনালী ব্যাংক লিঃ, মুক্তাগাছা শাখা, চলতি হিসাব-৩৩১৫০০১০৩৪৫৪৮ | =১,৫৬,৪৭,৭৮২/৪৬ | -- |
| ০২ | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল | সোনালী ব্যাংক লিঃ, মুক্তাগাছা শাখা চলতি হিসাব- ০০১০৩৬০৩৮ | =৩৯,৬৫,৬৭৭/- | -- |

ঝ) **ইনডেক্স রেজিস্টার** ঃ ইনডেক্স রেজিস্টার দেখলাম। রেজিস্টারটি ২০২২ সালে খোলা হয়েছে। ইনডেক্স রেজিস্টারটি ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হচ্ছে।

ঞ) **গার্ডফাইল** ঃ এ অফিসে মোট ০১ টি গার্ড ফাইল সংরক্ষণ করা হচ্ছে। পরীক্ষান্তে দেখা যায়, গার্ড ফাইলগুলো সঠিকভাবে লিপিবদ্ধ করা হচ্ছে। এ ধারা অব্যাহত রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

ট) **২০২১-২২ অর্থবছরের রাজস্ব উদ্বৃত্ত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তর সম্পর্কিত :**

২০২১-২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের অর্থ=৩৫,৪১,৮৬৮/- টাকা বিধি মোতাবেক উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট সহকারী জানান।

ঠ) **উপজেলা পরিষদ মাসিক সভা ঃ** উপজেলা পরিষদ মাসিক সভা সংক্রান্ত নথিটি দেখলাম। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত তারিখে মুক্তাগাছা উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয় এবং সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের বরাবর প্রেরণ করা হয় এবং সভার কার্যবিবরণী নির্দিষ্ট ফাইলে সংরক্ষণ করা হচ্ছে মর্মে সংশ্লিষ্ট সহকারী জানান।

ড) **উপজেলা পরিষদের বাজেট সংক্রান্ত ঃ** মুক্তাগাছা উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তুতকৃত বাজেট দেখলাম। পরীক্ষান্তে দেখা যায়, উক্ত বাজেটটি বিধিমোতাবেক তৈরী করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে জানা যায়। তাছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরের খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে মর্মে জানা যায়। ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তুতকৃত বাজেট সংশ্লিষ্ট মন্ত্রনালয় বরাবর প্রেরণপূর্বক বাজেট বাস্তবায়নের বিষয়টি নিশ্চিতকরণের জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো।

(চলমান পাতা ....../০৪)

ঢ) **বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল** ঃ বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় মুক্তাগাছা উপজেলার ২০২২-২০২৩ অর্থ বছরে ০৪ টি কিস্তিতে মোট =৮৩,৫৮,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে মোট ৫৬ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে টেন্ডারের মাধ্যমে ১৯ টি ও পিআইসির মাধ্যমে ৩৭ টি প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন কাজ চলমান আছে মর্মে জানা যায়। অগ্রগতি ৮০%। বাস্তবায়িত প্রকল্পের নথিপত্র সংরক্ষনের জন্য সংশ্লিষ্ট সহকারীকে পরামর্শ দেয়া হলো।

ণ) **হাট-বাজার** ঃ মুক্তাগাছা উপজেলার মোট ২৩টি সরকারি হাট-বাজারের মধ্যে ১৪৩০ বাংলা সনের জন্য ১৬টি হাট-বাজার ইজারা দেয়া হয়েছে। ইজারামূল্য ১,১৬,৩৫,৫০৫/- টাকা। অবশিষ্ট ০৭টি বাজারের কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়ায় খাস আদায় চলমান আছে এবং সরকারি পাওনাদি ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট সহকারী জানান। হাট-বাজার ইজারা সংক্রান্ত রেজিষ্টারটি হালনাগাদকরণসহ সরকারি পাওনাদি বিধি মোতাবেক পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সহকারীকে পরামর্শ প্রদান করা হলো।

**সার্বিক মন্তব্য:** মুক্তাগাছা উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। উপজেলার রাজস্ব আয় বাড়ানোর বিষয়ে সচেষ্ট হতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো এবং প্রাপ্ত বরাদ্দসমূহ সঠিক খাতে ব্যয় করে এর হিসাব সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

25.06.2023
(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬৬৪৩৫১
e-mail : ddlgmymen@gmail.com

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.৩৩.০১৪.২৩-৫০৯/১(৭) তারিখ ঃ ২৫.০৬.২০২৩ খ্রি.

**অনুলিপি ঃ** সদয় অবগতির জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

**অনুলিপি ঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে-**

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৭। অফিস কপি।

25.06.2023
উপপরিচালক
স্থানীয় সরকার, ময়মনসিংহ।